

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পরিকল্পনা-১ শাখা।
www.lgd.gov.bd



উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৯৩.০১৪.০১.০০.০৬০.২০১৩-৪৮

তারিখ: ০৫ মাঘ ১৪২৭
১৯ জানুয়ারি ২০২১

বিষয়: এলজিইডি কর্তৃক বাস্তবায়নাধীন পল্লী অবকাঠামো উন্নয়ন (কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া ও চাঁদপুর জেলা) (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি প্রসঙ্গে।

সূত্র: এলজিইডি'র স্মারক নং-৪৬.০২.০০০০.৭৪৩.১৪.০০১.১৭.৩৫৬; তারিখ: ১৫/১১/২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পল্লী অবকাঠামো উন্নয়ন (কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া ও চাঁদপুর জেলা) শীর্ষক প্রকল্পটি মোট ৫৬৪.১০৭৪ কোটি টাকা প্রাক্কলিত ব্যয় এবং জুলাই ২০১৪ হতে জুন ২০১৯ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য গত ০৯/০৯/২০১৪ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে মোট ৬০৪.০০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয় এবং জুলাই ২০১৪ হতে জুন ২০১৯ পর্যন্ত বাস্তবায়নের জন্য প্রকল্পটির ১ম সংশোধিত ডিপিপি গত ২৪/০১/২০১৮ তারিখে এ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। অতঃপর মোট ৭৬৯.৪২ কোটি টাকা প্রাক্কলিত ব্যয় এবং জুলাই ২০১৪ হতে জুন ২০২১ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য প্রকল্পটির ২য় সংশোধিত ডিপিপি একনেক কর্তৃক অনুমোদিত হয়। ডিসেম্বর ২০২০ পর্যন্ত প্রকল্পটির ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতি ৮৫.০৫% এবং আর্থিক অগ্রগতি ৬৪৪.৮৪ কোটি টাকা (৮৩.৮১%)। প্রকল্পটি এ অর্থ বছরে সমাপ্তির জন্য নির্ধারিত।

০২। প্রকল্পভুক্ত কোন কোন স্কীম বাস্তবায়নের ক্ষেত্রে একাধিকবার দরপত্র আহবান করেও উপযুক্ত ঠিকাদার না পাওয়ায় নির্ধারিত সময়ে কাজ শুরু করা সম্ভব না হওয়ায়, কাজের অগ্রগতি সন্তোষজনক না হওয়ায় কয়েকটি প্যাকেজের চুক্তি বাতিল করে পুনঃচুক্তি সম্পাদন করায় অতিরিক্ত সময়ের প্রয়োজনীয়তা, করোনো বিপর্যয়ের কারণে মার্চ ২০২০ মাস হতে সারাদেশে লকডাউনে সরকারী বিধি নিষেধের কারণে ঠিকাদার, নির্মাণ শ্রমিকসহ সংশ্লিষ্টরা প্রকল্প স্থলে যেতে না পারায় কার্যক্রম বাস্তবায়নের বিঘ্ন সৃষ্টি হওয়ায় প্রকল্পটি নির্ধারিত মেয়াদে সমাপ্ত করা সম্ভব হবে না বিধায় প্রকল্পটির ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ০১ (এক) বছর মেয়াদ বৃদ্ধির প্রয়োজন। গত ২৩/১২/২০২০ তারিখে অনুষ্ঠিত প্রজেক্ট স্টিয়ারিং কমিটি'র সভায় প্রকল্পটির ০১ (এক) বছর মেয়াদ বৃদ্ধির সুপারিশ করা হয় (সংযুক্তি-১)।

০৩। এমতাবস্থায়, এলজিইডি কর্তৃক বাস্তবায়নাধীন “পল্লী অবকাঠামো উন্নয়ন (কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া ও চাঁদপুর জেলা) (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ০১ (এক) বছর অর্থাৎ জুলাই ২০১৪ হতে জুন ২০২১ এর পরিবর্তে জুলাই ২০১৪ হতে জুন ২০২২ পর্যন্ত বৃদ্ধির বিষয়ে সম্মতি/মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তি: মেয়াদ বৃদ্ধির পূরণকৃত ছক ১ (এক) প্রস্থ।


(মুহাম্মদ আমিন শরীফ)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৭৫৮০১২

ই-মেইল: planning1.lgd@gmail.com

০১। সদস্য
কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ
পরিকল্পনা কমিশন
শেরে বাংলা নগর, ঢাকা।

০২। সচিব
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
শেরে বাংলা নগর, ঢাকা।
(দৃঃ আঃ মহাপরিচালক, স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন সেক্টর)

অনুলিপি:

- ১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৫। মহাপরিচালক (মইই উইং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। যুগ্মসচিব (পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।